

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, হবিগঞ্জ সদর  
<http://doict.habiganjsadar.habiganj.gov.bd/>

স্মারক নং: ৫৬.০৪.৩৬৪৪.০০০.০১.০০১.২৪- ১০২


তারিখ: ১১ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**বিষয়: উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ করার নির্দেশনা থাকলেও হবিগঞ্জ সদর উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের ওয়েব পোর্টালসমূহ শতভাগ হালনাগাদ নেই। ওয়েব পোর্টালসমূহ শতভাগ হালনাগাদ না থাকায় জনগণের দোড়গোড়ায় সরকারি সেবা পৌঁছে দেওয়ার চলমান প্রক্রিয়া বাধাগ্রস্ত হচ্ছে। জনগণের তথ্যপ্রাপ্তি সহজতর করার লক্ষ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টালের মেইন মেনুর আওতাধীন সাবমেনুসমূহ, সেবা বক্সের সকল লিংক, নোটিশ বোর্ড, সকল কর্মকর্তা/কর্মচারীর মোবাইল নম্বর, ছবি ও ইমেইলসহ তালিকা, তথ্য প্রদানকারী কর্মকর্তা, আপীল কর্মকর্তা, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, সিটেজেন চার্টার, সেবার তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করা প্রয়োজন। তাছাড়া, নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালের নিরাপত্তা নিশ্চিত করতে শক্তিশালী পাসওয়ার্ড প্রদান করা প্রয়োজন। অন্যথায়, সহজ বা অনুমেয় পাসওয়ার্ড ব্যবহার করে সাইবার অপরাধীরা পোর্টালের গুরুত্বপূর্ণ কোন তথ্য পরিবর্তন বা সংযোজন করলে সেটার দায়ভার উক্ত দপ্তরকেই বহন করতে হবে।

২। এমতাবস্থায়, হবিগঞ্জ সদর উপজেলার সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টালসমূহ আগামী ১৯/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সুনির্দিষ্ট কাঠামো অনুসরণপূর্বক হালনাগাদ এবং শক্তিশালী পাসওয়ার্ড প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।  
উল্লেখ্য, ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক কারিগরি সহায়তা/পরামর্শের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, হবিগঞ্জ সদর (মোবাইল: ০১৭৪৫৮৬৬৪৪৮) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।

  
(রঞ্জেন্দ্র দে)

উপজেলা নির্বাহী অফিসার  
এবং  
সভাপতি

উপজেলা আইসিটি বিষয়ক কমিটি  
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

..... অফিস/ ইউনিয়ন, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে -

১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

২। প্রোগ্রামার(অ. দা.)।

৩। অফিস কপি।